

ବିଜ୍ଞାନ ଓ ପ୍ରଯୁକ୍ତି ବିଭାଗର ଆଗଷ୍ଟ-୨୦୨୦ ମାସର
ମାସିକ କାର୍ଯ୍ୟକ୍ରମ-ସମୀକ୍ଷା

ଅବସ୍ଥା: - ଶ୍ରୀମତୀ ବିଜ୍ଞାନୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ ସମୀକ୍ଷା
(ଅଗଷ୍ଟ-୨୦୨୦), ବିଜ୍ଞାନ ବିଭାଗ

ଆମ: - ଆଜିରାଜି କାର୍ଯ୍ୟ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ

କାର୍ଯ୍ୟକ୍ରମ: - ୨୫/୦୮/୨୦୨୦ ଦିନ: ୧୧:୩୦

ଅବସ୍ଥା ବିଷୟରେ ସମୀକ୍ଷା କରାଯାଇଥିବା ବିଷୟ:

୧. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୨. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୩. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୪. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୫. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୬. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୭. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୮. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୯. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୧୦. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୧୧. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୧୨. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

୧୩. ଶ୍ରୀମତୀ କାର୍ଯ୍ୟକ୍ରମ, ବିଜ୍ଞାନ ବିଭାଗ -

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : অফিসার্স ক্লাব, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১২ আগস্ট/২০২১ বৃহস্পতিবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ আমিন উদ্দিন বিশ্বাস, চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব সুভাষ নাথ, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মো: আয়ুব হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মো: আবু সাঈদ, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মো: আবু তাহের আবুল সরদার, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব কামরুল ইসলাম (টুটুল), চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৪) আলোয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৫) লিপি খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ - (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) এস, এম, জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব এ,টি, এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তার, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ ফেরদৌস রহমান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা(চঃদাঃ), বাঘারপাড়া, যশোর।
- ০৯) পলাশ বালু, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব সামসুন নাহার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) ডাঃ এফ, এম মান্নান কবীর, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ


ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) কোভিড-১৯ এর কারণে কমিটির কোন সুপারিশ নাই	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) উপজেলা পরিষদের বিভিন্ন প্রকল্পের জন্য মালামাল ক্রয় করার প্রয়োজন হয়, এই সকল ক্রয় কার্যক্রম করার জন্য প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে স্থানীয় হালনাগাদ বাজারদর জানার প্রয়োজনীয়তা দেখা দেয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ বাজারদর যাচাই কমিটি গঠন করা হয়। বাজারদর যাচাই কমিটিঃ ১। জনাব আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া- আহবায়ক ২। জনাব কামরুল ইসলাম টুটুল, চেয়ারম্যান, জামদিয়া ইউপি, বাঘারপাড়া - সদস্য ৩। জনাব অজয় কুমার পাল, সহকারী প্রোগ্রামার(আইসিটি) বাঘারপাড়া- সদস্য ৪। জনাব সামসুন নাহার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া- সদস্য ৫। জনাব এ.এস.এম খালেদুজ্জামান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া- সদস্য ৬। জনাব মাসদুর রহমান, সীট-মুদ্রাঃ কাম কম্পিউটার অপারেটর, বাঘারপাড়া- সদস্য	(ক) গঠিত কমিটি বাজারদর যাচাই করে পরিষদে উপস্থাপন করবেন।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ৩। গঠিত বাজারদর যাচাই কমিটি
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) নাই		
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায্যকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) উপজেলা ভাইস চেয়ারম্যান জানান যে, বর্তমানে উপজেলা পর্যায়ে কোনরূপ উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। কারণ জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতির সহিত জড়িয়ে পড়েছেন। তিনি এডিপিসহ বিভিন্ন টেন্ডারসমূহ তার পছন্দমত ঠিকাদারদের কাছে গোপনীয় চুক্তি মোতাবেক বিক্রি করছেন। কাজের আগেই টেন্ডার বিক্রি হওয়ায় ঠিকাদারগণ সকল কাজ করার ক্ষেত্রে নিম্নমানের জিনিষপত্র ব্যবহার করছে। এছাড়া অনেক প্রতিষ্ঠানের কাজ না করে প্রাপ্তিস্বীকার বানিয়ে বিল তুলে পরে নামমাত্র টাকা দিয়ে আসছে। এবিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা প্রকৌশলী ঠিকমত অফিস করেন না, এছাড়া কোন দায়িত্ব দিলে সেটাও ঠিকমত পালন করেন না। তাঁকে বেশিরভাগ দিনই অফিসে পাওয়া যায় না।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত পরামর্শ করে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানান।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ

০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে জনাব এ,এস,এম খালেবুজ্জামান সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কর্মকর্তা সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	১। উপজেলা প্রকৌশলী
খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২৩টি কমিউনিটি ক্লিনিকে ১৪৯৯৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৫৯৭জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৩২০০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ২৩৭ জন রোগীকে অন্তঃ বিভাগে ভর্তি পূর্বক চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়া গত মাসে ৩২ জন স্বাভাবিক ডেলিভারী এবং ১০ জন রোগীকে সিজারিয়ান অপারেশন করা হয় এবং ১৬০ রোগীকে VIA পরীক্ষা করা হয়। ইপিআই বিসিজি, পিসিডি ও পেণ্টা এবং টিটি সেবা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে মাঠ কর্মীগণ ইপিআই ও স্বাস্থ্য সেবা অব্যাহত রয়েছে। কোভিড-১৯ টিকাদান কার্যক্রম চলমান। কোভিড-১৯ মোট টীকা এ পর্যন্ত নিবন্ধন হয়েছে ৩২১৬৩জন। টীকা দেওয়া হয়েছে ১ম ডোজ ১৭১৩৪ এবং ২য় ডোজ ৪৫৬৮জনকে। এ পর্যন্ত টীকার কোন পার্শ্ব প্রতিক্রিয়া পাওয়া যায়নি। প্রথম ডোজ নেওয়ার ৮সপ্তাহ পর ২য় ডোজ নিতে হবে। বর্তমানে টীকা রেজিস্ট্রেশন ও টীকা প্রদান কার্যক্রম বন্ধ আছে। আইসোলেশন ২৫টি বেড প্রস্তুত আছে এবং ডাক্তারদের রোস্টার করা আছে ও ২০টি অক্সিজেন সিলিন্ডার প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে ১৬৯০০হেঃ জমিতে রোপা আউশ ধানের আবাদ করা হয়েছে, উক্ত চাষে রোগ ও পোকা দমনে পার্চিং কার্যক্রম, আলোক ফাঁদ স্থাপন ও কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া ৮৫০হেঃ জমিতে সবজি, তিল-১১০হেঃ মুগ-৩০হেঃ, গীষকালীন টমেটো-১৫হেঃ আখ-৮৫হেঃ পান-২৯হেঃ মরিচ-৩০হেঃ জমিতে চাষ করা হয়েছে এবং বিভিন্ন ফসলের চাষাবাদের প্রস্তুতি চলছে। ফসলের সার্বিক অবস্থা ভালো। উপজেলা সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া-২০১মেঃটন, টিএসপি-৩৭মেঃটন, ডিএপি-১৬১মেঃটন, এমওপি-৮৫মেঃটন। চলতি রোপা আমন ফসলের ভরা মৌসুমে কৃষকদের নির্বিল্পে সার, কীটনাশকসহ অন্যান্য উপকরণ প্রাপ্যতা নিশ্চিত মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। অনাবাদি পতিত জমিতে পারিবারিক পুষ্টিবাগান স্থাপন এবং স্নাতস্নাতে জায়গায় আদা/হলুদ চাষের জন্য অত্র প্রকল্পের আওতায় মুজিববর্ষে যে সকল গৃহহীন ঘর পেয়েছেন এবং আশ্রয়ন প্রকল্পসমূহে অগ্রাধিকার দিয়ে বরাদ্দ প্রদানের নির্দেশনা রয়েছে, সে মোতাবেক উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ. মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র মাসে বাঘারপাড়া উপজেলায় উপজেলা প্রশাসনের সহায়তায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষন বিধিমালা ১৯৮৫ অনুযায়ী চিত্রা নদীর খাজুরা, বড় খুদরা ও বন্দবিলা অংশে মৎস্য চলাচলের পথে ৮টি প্রতিবন্ধকতা (বাধ, পাটা, ভেসাল) উচ্ছেদ করা হয়। চিত্রা নদীর বাঘারপাড়া ব্রীজ, ঢেপখালী, মিরপুর, ঠাকুরকাঠি, শিংগের খাল, গলগলিয়া, ভুলবাড়িয়া শ্মশানঘাট এলাকা থেকে মোট ৫৭ টি চায়না জাল, ৫টি ভেসাল, ৩টি সুতি জাল বিনষ্ট করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা।

গ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে ১২৭৪টি গাভীকে কৃত্রিম প্রজনন, ২০৯৬টি গবাদি প্রাণী ও ১০৫০০ হাঁস-মুরগীর টিকা প্রদান, ২০০০টি গবাদি প্রাণী ও ৭৮৫৮টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান, প্রশিক্ষার্থী- ৩০জন, খামার রেজিঃ-০৪টি, দুধ উৎপাদন-২২১৮ মে.টন, মাংস উৎপাদন-১২৩৯মে.টন, ডিম উৎপাদন-০.৩৩লক্ষ। এছাড়াও বিভিন্ন প্রকল্পের কাজ চলমান রয়েছে।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ৩য় কিস্তির অর্থ বিতরণ সম্পন্ন হয়েছে ৪র্থ কিস্তির অর্থ বিতরণ করা হয়েছে। প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তি এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হয়েছে। বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী মৃত ভাতাপ্রাপ্তাশীদের শতভাগ ভাতার অনলাইন কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, জুলাই/২০২১ মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৫২৫জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৭২৮০(চক্র) কনডম ১১৪০৮(পিস) ইনজেকটবল ১০২২জন আইইউডি ০৪জন, ইমপ্লান্ট ১২জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এবং কার্যপত্র প্রদান না করার তীর দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ.শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার পক্ষে জানান যে, দাপ্তরিক কার্যক্রম সীমিত পরিসরে চলমান আছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অন্যান্য সকল কার্যক্রম বন্ধ রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	(ক) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার পক্ষে এআরডিও সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) দারিদ্র বিমোচনের লক্ষ্যে গ্রাম্য কৃষকদের সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, গুজিগঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গ্রামে কৃষক সমবায় সমিতি গঠন, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতির ৬৫৮৯জন সমবায়ীর মাঝে ২০২০-২১ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৪৯৮.০১ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৪৭০ জন সদস্যের মাঝে ১৭০.২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। (খ) উপজেলা পরিষদের সভায় বেশিরভাগ দিনই উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকেন এবং এআরডিও কে প্রেরণ করেন এ বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বলা হয়, উপজেলা পরিষদে অবহিত না করে অনুপস্থিত থাকা বা বিশেষ কোন কারন ছাড়াই সহকারীকে প্রেরণ করা শিষ্টাচার বর্হিভূত এবং দায়িত্ব অবহেলার শামিল।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। (খ) ভবিষ্যতে এ ধরনের কর্মকান্ড না করার জন্য সতর্ক করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট.যুব উন্নয়ন দপ্তর:	(ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যায় যে, তীর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে তার দপ্তরের এ পর্যন্ত মোট ৯৯১৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, যার মধ্যে ৫২৮৫জন পুরুষ ও ৪৬৩৩ জন মহিলা। যে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্যে থেকে ৯৬১জন যুবও ৫৮৭ জন যুব মহিলা সহ মোট ১৫৪৮ জনকে ঋণ হিসাবে ৪,১৯,৬১,৩০০/- টাকা প্রদান করা হয়েছে। যার আদায় হার ৯৬%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

০৮.বিবিধ :	(ক) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলকে মিলে মিশে কথা কাজে মিল রেখে কাজ করার জন্য আহবান জানান। (খ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকল সেবা প্রদানের বিষয়ে আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান। (গ) উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, উপজেলা পরিষদের কোয়ার্টার (বাসা-বাড়ি) এর খুবই খারাপ অবস্থা, কোন কোন বাসা-বাড়ি অনেক আগে থেকেই পরিত্যক্ত হয়ে গেছে যেখানে কেউ থাকে না। আবার কোন কোন বাসা-বাড়ির অবস্থা এতটাই নাজুক যে সেখানে থাকা যে কারও জন্য বিপদজনক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যে সমস্ত ভবন ব্যবহার অনুপযোগী তা কনডেমনেশন করাসহ এবং নতুন ভবনের প্রস্তাব	(গ) যে সমস্ত ভবন ব্যবহার অনুপযোগী তা কনডেমনেশন করা ও নতুন ভবনের প্রস্তাব প্রেরণ এবং যে সমস্ত ভবন মেরামতযোগ্য তার প্রাক্কলন প্রস্তুত করে দ্রুততার সহিত মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) সংশ্লিষ্ট সকল
	প্রেরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন এবং যে সমস্ত ভবন মেরামতযোগ্য তার প্রাক্কলন প্রস্তুত করে দ্রুততার সহিত মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলের নিকট আন্তরিক সহযোগীতা কামনা করেন এবং তিনি সকলের সহিত মিলেমিশে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।		

অতঃপর অধ্যাকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ভিক্টোরিয়া পারভীন সাধী
 সভাপতি
 ও
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২০-৭৩(৫০)

তারিখঃ ১৮/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


 তানিয়া আফরোজ
 উপজেলা নির্বাহী অফিসার
 বাঘারপাড়া, যশোর।